

প্রথম আদ্যো

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

শিক্ষার্থীদের ইংরেজি জানতেই হবে, শিখতেই হবে: শিক্ষামন্ত্রী

বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিভিশন সেন্টারে অনুষ্ঠিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে ৪ হাজার ৮৮৯ শিক্ষার্থীকে বিভিন্ন পর্যায়ের ডিগ্রি দেওয়া হয়। এর মধ্যে ৩১ জন কৃতি শিক্ষার্থীকে পদক দেওয়া হয়।

বিশেষ প্রতিবেদক

ঢাকা

আপডেট: ২১ মার্চ ২০২৩, ০১: ১৯



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে এক কৃতি ছাত্রীর হাতে পদক তুলে দিচ্ছেন ভারপ্রাপ্ত উপাচার্য সৈয়দ মাহফুজুল আজিজ। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী দীপু মনি, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারপারসন তামারা

হাসান আবেদ ও সমাবর্তন বক্তা ওমর ইশরাক। গতকাল বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না এক্সিবিশন সেন্টারেছবি: আশরাফুল আলম

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, শ্রমবাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে দেশের শিক্ষাব্যবস্থাকে তেলে সাজানোর চেষ্টা করছেন তাঁরা। শিক্ষার গুণগত মানও অনেক বৃদ্ধি করতে হবে। শিক্ষার্থীদের ইংরেজি জানতেই হবে, শিখতেই হবে এবং ব্যবহার করতে হবে।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে আচার্যের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। আজ সোমবার বিকেলে রাজধানীর অদূরে কাঞ্চন ব্রিজ মোড়ের পার্শ্ববর্তী এলাকায় অবস্থিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে অনুষ্ঠিত হয় এই সমাবর্তন অনুষ্ঠান। এবারের সমাবর্তনে ৪ হাজার ৮৮৯ জন শিক্ষার্থীকে বিভিন্ন পর্যায়ের ডিগ্রি দেওয়া হয়। এর মধ্যে ৩১ জন কৃতি শিক্ষার্থীকে পদক দেওয়া হয়।

দীপু মনি বলেন, যোগ্য, জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্ভুদ্ধ মানবসম্পদ গড়ে তোলার জন্য সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। সরকার চায়, শিক্ষার্থীরা জ্ঞান-বিজ্ঞানে অগ্রগামী হবে

শিক্ষামন্ত্রী বলেন, 'চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় এবং স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য আমরা এখন শিক্ষায় রূপান্তরের কথা বলছি। পরিবর্তনশীল বিশ্বের শ্রমবাজারের চাহিদা ও কর্মজগতের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে দেশের শিক্ষাব্যবস্থাকে তেলে সাজানোর চেষ্টা করছি। শিক্ষার সব জায়গায় স্বচ্ছতা ও জবাবদিহিও নিশ্চিত করতে হবে।'

দীপু মনি বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের বিপুল সম্ভাবনা রয়েছে। পাশাপাশি অনেক চ্যালেঞ্জ ও প্রতিকূলতাও রয়েছে। সেগুলোকে মোকাবিলা করতে হবে। আর এর মূল হাতিয়ার হচ্ছে শিক্ষা। তাই যোগ্য, জ্ঞানবিজ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্ভুদ্ধ মানবসম্পদ গড়ে তোলার জন্য সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। সরকার চায় শিক্ষার্থীরা জ্ঞানবিজ্ঞানে অগ্রগামী হবে এবং চিন্তাচেতনায় প্রগতিশীল হবে।

নিজের ভাষা যেমন শিখতে হবে, পাশাপাশি ইংরেজি অবশ্যই, পারলে আরও একটি ভাষা শেখার চেষ্টা করতে হবে। এ ছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে (আইসিটি) দক্ষতা অর্জন, সফট স্কিল এবং নৈতিক মূল্যবোধ শিখতে হবে

দীপু মনি, শিক্ষামন্ত্রী

উচ্চশিক্ষায় নানা উদ্যোগের কথা তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, তাঁরা চান শিক্ষার্থীরা যে যে বিষয়ে ডিগ্রি অর্জন করুক না কেন, বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে বাধ্যতামূলকভাবে কয়েকটি বিষয় তাঁরা পড়বেই। এগুলোর মধ্যে আছে ভাষা। ইংরেজি এখন আর কেবল শুধুই ভাষা নয়, এটি একটি হাতিয়ার (টুল)। অতএব এটি জানতেই হবে, শিখতেই হবে এবং ব্যবহার করতে হবে। নিজের ভাষা যেমন শিখতে হবে, পাশাপাশি ইংরেজি অবশ্যই, পারলে আরও একটি ভাষা শেখার চেষ্টা করতে হবে। এ ছাড়া তথ্য ও যোগাযোগপ্রযুক্তিতে (আইসিটি) দক্ষতা অর্জন, সফট স্কিল ও নৈতিক মূল্যবোধ শিখতে হবে। দেশের উন্নয়নের প্রয়োজনে দক্ষ জনশক্তি গড়ে তুলতেই হবে। এ ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।



সমাবর্তনে ডিগ্রি পাওয়া রামিসা আনান নামে এক ছাত্রী বাবার সঙ্গে ছবি তুলছেন। আনন্দ মুহূর্তের এই ছবি তুলে দিচ্ছেন ছাত্রীর মা। গতকাল বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না এক্সিবিশন সেন্টারেছবি: আশরাফুল আলম

সমাবর্তন বক্তা ছিলেন মেডট্রনিকের সাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা ও চেয়ারম্যান ওমর ইশরাক। তিনিও শিক্ষার্থীদের ইংরেজিতে দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ইংরেজি হলো আন্তর্জাতিক ব্যবসার ভাষা।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান তামারা হাসান আবেদ আশা প্রকাশ করে বলেন, আগামী ৫০ বছরে আরও অনেক নতুন গন্তব্য অতিক্রম করে শিক্ষার্থীরা বাংলাদেশকে অগ্রণী করে তুলতে সক্ষম হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন, ভারপ্রাপ্ত উপাচার্য সৈয়দ মাহফুজুল আজিজ,
সমাবর্তন কমিটির সভাপতি আ ফ ম ইউসুফ হায়দার, কৃতি শিক্ষার্থী তাওহিদুল
ইসলাম প্রমুখ।